

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

নং পসব্য/প্রকা/প্রশা-৬৪/২০১৮-২০১৯/৩১৭০

তারিখ : ১৫.১০.২০১৮খ্রি.

শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

বিষয় : ডিজিটাল ফিন্যান্সিয়াল সেবা “পল্লী লেনদেন” বাস্তবায়নের নিমিত্তে সমিতি ও সদস্যদের তথ্যাদি হালনাগাদকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আপনারা অবগত রয়েছেন যে, পল্লী সঞ্চয় ব্যাংক প্রান্তিক পর্যায়ের জনগণের নিকট সর্বাধুনিক প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবা পৌঁছে দেয়ার জন্য ডিজিটাল ফিন্যান্সিয়াল সেবা “পল্লী লেনদেন” বাস্তবায়ন করতে যাচ্ছে। এতদবিষয়ে ০৬.০৯.২০১৮ তারিখে রিকারশন টেকনোলজিস লিমিটেড এর সাথে একটি চুক্তিনামা সম্পাদিত হয়েছে এবং ব্যাংকের ১০.১০.২০১৮ তারিখের পত্রের মাধ্যমে একটি বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে। উক্ত সেবার মাধ্যমে ব্যাংকের সমিতির সদস্যগণ বাড়িতে বসেই মোবাইলের মাধ্যমে ঋণ গ্রহণ ও পরিশোধ, সঞ্চয় জমা এবং উত্তোলনসহ যাবতীয় ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। ব্যাংকের এজেন্টগণ বৈদেশিক রিমিটেন্স প্রাপকের নিকট পৌঁছে দেয়া, বিভিন্ন ইউটিলিটি বিল প্রদান, অর্থ স্থানান্তর এবং মোবাইল রিচার্জসহ যাবতীয় ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করতে পারবে। এ সেবার মাধ্যমে এলাকার জনগণ এলাকাতে থেকেই আধুনিক ব্যাংকিং সেবা ভোগ করতে পারবে। এ সেবার মাধ্যমে ব্যাংকের কার্যপরিধি বৃদ্ধি পাবে এবং বর্তমান জনবলের মাধ্যমে অধিক কার্যাদি সম্পন্ন করা যাবে।

০৩। উক্ত সেবা ৬টি শাখায় পরীক্ষামূলকভাবে চালু করার পরিকল্পনা নেয়া হয়, তন্মধ্যে ৩টি শাখায় যথাক্রমে দোহার, মির্জাপুর এবং শ্রীপুর শাখায় পরীক্ষামূলক কার্যক্রম শুরু করা হয়েছে। কার্যক্রম চালু করার সময় শাখাগুলোতে ব্যাংকের নির্বাহীগণ, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ এবং রিকারশন টেকনোলজিস লিঃ এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সমিতি ও সদস্যদের তথ্যাদি হালনাগাদ না থাকার কারণে উক্ত সেবা পরীক্ষামূলকভাবে চালু করতে বিঘ্ন সৃষ্টি হয়েছে। উক্ত সেবা দ্রুত চালুর নিমিত্তে আপনাদের শাখার সমিতির সকল সদস্যের নিম্নবর্ণিত তথ্যাদি জরুরী ভিত্তিতে হালনাগাদকরণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করেছেন যা এতদ্বারা অবহিত করা হলো :

- ক) আইডি/জন্ম সনদের নম্বর।
- খ) আইডি/জন্ম সনদ অনুযায়ী সদস্যের নাম, পিতা ও মাতার নাম।
- গ) ঠিকানা।
- ঘ) ছবি।
- ঙ) মোবাইল নম্বর।
- গ) অন্যান্য যাবতীয় তথ্যাদি।

০৪। এমতাবস্থায়, ২৫.১০.২০১৮ তারিখের মধ্যে সমিতির সকল সদস্যের যাবতীয় তথ্যাদি হালনাগাদ করে জনাব মোঃ সিফাত ওবায়দুল্লাহ, প্রোগ্রাম সহযোগী, পল্লী সঞ্চয় ব্যাংক, মোবাইল নং ০১৯৩৮৮৭৮৯৯৯ এর ই-মেইল [sifatseo@gmail.com](mailto:sifatseo@gmail.com) এ নিশ্চিত করার জন্য আপনাদেরকে এতদ্বারা নির্দেশ দেয়া হলো। উক্ত তারিখের পর ব্যাংকের নির্বাহীগণসহ বাস্তবায়ন কমিটির সদস্যগণ শাখাসমূহ পরিদর্শন করবেন এবং তথ্যাদি হালনাগাদকরণের বিষয়টি যাচাই-বাছাই করবেন। তথ্যাদি হালনাগাদ না করার কারণে উক্ত সেবা বাস্তবায়নে বিঘ্ন সৃষ্টির দায় দায়িত্ব সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এর উপর বর্তাবে এবং তার বিরুদ্ধে তাৎক্ষণিক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

  
(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) জনাব মোঃ নজরুল ইসলাম খান, পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, পরিচালনা বোর্ড, (সাবেক সচিব, প্রধানমন্ত্রী কার্যালয়)।
- ৩) প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প।
- ৪) চেয়ারম্যান, রিকারশন টেকনোলজিস লিমিটেড।